

# সমকাল

## রংপুর কারমাইকেল কলেজে শিক্ষার্থীদের তালা

ক্লাস পরীক্ষা বন্ধ

১০ ঘণ্টা আগে

### রংপুর অফিস

অধ্যক্ষের বিরুদ্ধে অনিয়ম-দুর্নীতির অভিযোগ এনে তার অপসারণের দাবিতে এক মাস ধরে আন্দোলন করছিলেন রংপুর কারমাইকেল কলেজের শিক্ষকরা। ক্লাস বর্জন, মিছিল, অবস্থান ধর্মঘাটে সৃষ্টি হয়েছিল এক ধরনের অচলাবস্থা। সংকট নিরসনের দাবিতে এবার তাই কলেজে তালা খুলিয়ে দিলেন শিক্ষার্থীরা। তারা এ পরিস্থিতির অবসান চান। গতকাল সোমবার স্বাধীনতার সপ্তকের সব ছাত্রসংগঠন ও সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে এই তালা খুলিয়ে দেওয়া হয় অধ্যক্ষের কক্ষ, প্রশাসনিক ভবনসহ সব বিভাগীয় প্রধানের কার্যালয়ে। এতে করে বন্ধ হয়ে যায় ক্লাস, পরীক্ষা।

তালা খুলিয়ে শিক্ষার্থীরা ক্যাম্পাসে একটি বিক্ষোভ মিছিল করেন। মিছিলটি ক্যাম্পাসের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। এরপর শহীদ মিনারের পাদদেশে বিক্ষোভ সমাবেশে শিক্ষার্থীরা বলেন, অধ্যক্ষ ও শিক্ষকদের দ্বন্দ্বের জেরে যে সংকট সৃষ্টি হয়েছে, তার নিরসন করতে হবে অবিলম্বে।

গত ১০ ফেব্রুয়ারি থেকে অধ্যক্ষ ড. আবদুল লতিফ মিয়ার দুর্নীতি ও স্বৈচ্ছাচারিতার অভিযোগে শিক্ষকরা তার অপসারণ দাবিতে আন্দোলন চালিয়ে আসছেন। এরই পরিপ্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় থেকে তিন সদস্যের একটি তদন্ত কমিটিও গঠন করা হয়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ঢাকার পরিচালক (প্রশিক্ষক) অধ্যাপক ড. আবদুল মালেককে প্রধান করে কমিটির অন্য দুই সদস্য হচ্ছেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক অধ্যাপক ড. জাহাঙ্গীর হোসেন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মানবসম্পদ বিভাগের উপপরিচালক নাসির উদ্দিন। কমিটি গত ১৯ ফেব্রুয়ারি কলেজে এসে তদন্ত করে এক সপ্তাহের মধ্যে প্রতিবেদন দেওয়ার কথা জানায়। অথচ দুই সপ্তাহের বেশি সময় পেরিয়ে গেলেও এখনও তদন্ত রিপোর্ট প্রকাশিত হয়নি।

ফলে চলমান অস্থিতিশীল পরিস্থিতিতে শিক্ষা কার্যক্রম ব্যাহত হওয়ায় বিক্ষুব্ধ শিক্ষার্থীরা সমস্যার দ্রুত সমাধানের দাবিতে কলেজে তালা খুলিয়ে দেন।

এ ব্যাপারে শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক আখতারুজ্জামান চৌধুরী বলেন, 'দুর্নীতিবাজ অধ্যক্ষের অপসারণ না হওয়া পর্যন্ত আমাদের আন্দোলন চলবে।'

এদিকে, কলেজের অধ্যক্ষ অধ্যাপক ড. আবদুল লতিফ মিয়ার সঙ্গে বারবার যোগাযোগের চেষ্টা করেও তাকে পাওয়া যায়নি।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com